

মহাপরিচালক

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

আইসিটি টাওয়ার,

আগারগাঁও, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

বিষয় : কিশোর-কিশোরী এবং তরুণদের অংশগ্রহণে নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০ আয়োজন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে আপনাদের স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০২৭.৯৯.০০২.১৭.৩৫, তারিখ: ১৮ মার্চ, ২০২০ এর দৃষ্টি আকর্ষণ করছি।

বিগত ২০১৭, ২০১৮ এবং ২০১৯ সাল থেকে আমরা সফলভাবে কিশোর-কিশোরী ও তরুণদের জন্য পুষ্টি বিষয়ক “নিউট্রিশন অলিম্পিয়াড” আয়োজন করে আসছি। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়সহ বিভিন্ন সহযোগী প্রতিষ্ঠানের সক্রিয় অংশগ্রহণে এই আয়োজন করা হয়ে থাকে। জাতীয় পুষ্টি সপ্তাহ ২০২০ এ নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনের উদ্যোগ থাকলেও কোভিড ১৯ এর কারণে সে সময় অলিম্পিয়াড আয়োজন করা সম্ভব হয়নি। এমতাবস্থায়, আমরা অনলাইন ভিত্তিক Virtual নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০ আগামী ডিসেম্বর ২৬, ২০২০ তারিখ এ আয়োজনের উদ্যোগ নিয়েছি। কোভিড ১৯ মহামারীর কারণে অনলাইনে নিউট্রিশন ক্লাবের সদস্যরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০ সফল ভাবে আয়োজন করার জন্য আপনাদের নিয়োক্ত সহযোগিতা কামনা করছি-

- ১। SRDL এর আওতাভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০ প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং এক জন শিক্ষককে সমন্বয়ক হিসাবে মনোনয়ন প্রদান,
- ২। নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০ কে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারণা,
- ৩। আপনার অধিদপ্তর এর একজন কর্মকর্তাকে নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০ সমন্বয়ের জন্য মনোনয়ন,
- ৪। নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০ এ অংশগ্রহণের জন্য www.nutritionolympiad.net এ নিবন্ধনের জন্য প্রচারণা,
- ৫। প্রতিযোগিতার বিষয় সমূহঃ বিতর্ক, রচনা, গান, ছবি আঁকা, ফুড ডিজাইন, ওপেন ইন্টারনেট চ্যালেঞ্জ, ভিডিও বার্তা, উপস্থিত বক্তৃতা, অ্যাকশন ট্রি, নাটক ও অনলাইন ভোটিং এর সুযোগ থাকবে।

এ বিষয়ে যেকোন তথ্যের জন্য যোগাযোগঃ রাফিয়া সুলতানা, মোবাইল: ০১৮৭৭০৪৯৭০৪, ই-মেইল: rafia.ritu8@gmail.com.

ধন্যবাদ সহ,



মো: শহীদ উদ্দিন আকবর

প্রধান নির্বাহী কর্মকর্তা